তারিখ 5 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

## মহাদেবপুর কালুশহর উচ্চ বিদ্যালয়

# প্রধান শিক্ষকের অনিয়মের বিরুদ্ধে মানববন্ধন

**প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)**

নওগাঁর মহাদেবপুরের কালুশহর উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি গঠন নিয়ে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। তার বিরুদ্ধে অভিযোগ উঠেছে, স্থানীয় সংসদ সদস্যদের পছন্দের প্রার্থী ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচিত না হওয়ায় নির্বাচন সম্পন্ন হওয়ার এক মাস পরেও ওই কমিটি অনুমোদনের জন্য শিক্ষা বোর্ডে কমিটির কোন তালিকা পাঠাননি। নব-নির্বাচিত কমিটির অনুমোদনের জন্য প্রধান শিক্ষকের গড়িমসি ও প্রধান শিক্ষকের অনিয়ম ও দুর্নীতি তদন্তের দাবিতে অভিভাবক ও এলাকাবাসী গত রোববার ঐ বিদ্যালয় এলাকায় মানববন্ধন করেছেন। এর আগে গত ১৭ মার্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান রাজশাহী শিক্ষা বোর্ড, জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর একটি লিখিত অভিযোগ করেছেন নতুন ম্যানেজিং কমিটির সদস্য আবদুল কুদ্দুস। অভিযোগ সূত্রে জানা গেছে, প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পাওয়ার পর থেকেই কালুশহর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বজলুর রশীদ নিয়োগ বাণিজ্য, বিদ্যালয় সম্পদ থেকে অর্জিত আয়ের টাকা লুটপাটসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নিয়ে আসছেন। স্কুলের হেড মাস্টার কোথায় ও ম্যানেজিং কমিটি বিষয়ে জানতে চাইলে ঐ স্কুলের সহকারী প্রধান বিকাশ চন্দ্র মন্ডল ও সিনিয়র সহকারী শিক্ষক আবদুল ওয়াহেদ জানন, প্রধান শিক্ষক কয়েক দিন যাবৎ স্কুলে আসেন না এবং যে নতুন কমিটি হয়েছে তা সুষ্ঠ নির্বাচনের মাধ্যেমে হয়েছে আর গত ১/৩/১৭ ইং তারিখে সভাপতি নির্ধারণ এর জন্য একাডেমিক সুপারভাইজার ও প্রিজাইডিং অফিসার মহাদেবপুর নওগাঁর কক্ষে সভাপতি নির্বাচনের জন্য প্রধান শিক্ষক নিজেই সভা আহ্বান করেন। এবং সেই দিন উক্ত কক্ষে নির্ধারিত সময়ে সকলে উপস্থিত থাকলেও বেলা ২টার পর প্রধান শিক্ষক বজলুর রশিদ নিখোঁজ হন। পরের দিন ২ মার্চ নিজেই সভার আহ্বান করেন এবং সে সভাতেও প্রধান শিক্ষক অনুপস্থিত থাকেন এবং প্রধান শিক্ষকের অনুপস্থিতে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে সভা শুরু করেন এবং ৮ সদস্যর মধ্যে ৬ সদস্য মীর আবদুর রাজ্জাককে সভাপতি হিসাবে সমর্থন করেন। অভিযোগের বিষয়ে প্রধান শিক্ষক বজলুর রশীদ বলেন, 'আমি উভয় সংকটে পড়েছি। নতুন কমিটি অনুমোদন না দেয়ার জন্য আমার ওপর ব্যাপক চাপ রয়েছে। এমপি সাহেব এই কমিটি চাচ্ছে না। তার হস্তক্ষেপের কারণে এই কমিটির অনুমোদন করাতে পারছি না।' এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সিদ্দিকুল ইসলাম বলেন, 'ওই বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির গঠন বিষয়ে জটিলতা চলছে। এ বিষয়ে বিদ্যালয়টির প্রধান শিক্ষকের বিরুদ্ধে অনিয়মের একটা অভিযোগ আমাদের কাছে এসেছে। বিষয়টি তদন্ত করে অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হবে।